

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ৩০/১২/২০২১; দুপুর ০২.৩০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব সুবোল বোস মনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মন্ত্রণালয়কে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। চলতি ২০২১-২২ অর্থবছরের ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ২৮/১২/২০২১ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছিল। প্রেরিত বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদানের জন্য ২২/১২/২০২১ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে একটি ফিডব্যাক প্রদান সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট যুগ্মসচিব (মৎস্য-১) জনাব হাফছা বেগম ও মোঃ হেমায়েত হোসেন যুগ্মসচিব (প্রশাসন-৩) উপস্থিত ছিলেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ মন্ত্রণালয় প্রেরিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর মতামত ও পরামর্শ প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় প্রদত্ত পরামর্শ মোতাবেক এ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করা হয়েছে সংশোধিত কর্মপরিকল্পনার ভিত্তিতে নির্ধারিত পরিবীক্ষণ ছকে ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করা হয়েছে (পরিশিষ্ট-খ)। প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটির বিষয়ে সকলে সহমত পোষণ করায় প্রতিবেদনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সিদ্ধান্তঃ

- (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুমোদন করা হলো।
- (২) গত ২২/১২/২০২১ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত ফিডব্যাক সভার মতামত ও পরামর্শ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরবর্তী প্রান্তিকের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
সচিব
ও
সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নং-৩৩.০০.০০০০.১০৯.০৬.০২২.২০-২৫

তারিখঃ ২৮ পৌষ ১৪২৮
১২ জানুয়ারি ২০২২

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের (অক্টোবর/২১-ডিসেম্বর/২০২১) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও নৈতিকতা কমিটির ৩০/১২/২০২১ তারিখের সভার কার্যবিবরণী (হার্ডকপি ও সফটকপি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ হেলায়েত হোসেন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪০৪০৭

ই-মেইল: administration-3@mofl.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
সরকারি পরিবহন পুল ভবন
বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার শাখা)।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (মৎস্য-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দৃশ্যমান করার অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি/স্টার কপি।